দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN 12 1999 ..
পৃষ্ঠা ৩ কলাম ৭

113

# সন্ত্রাসবিরোধী আন্দোলনে চট্টগ্রাম ভার্সিটি উত্তপ্ত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ সন্ত্রাসবিরোধী আন্দোলনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এখন উত্তপ্ত। বিক্ষোভ, সমাবেশ, মিছিল, ঘেরাও চলছে প্রতিদিন। গতকাল শুক্রবার সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্রঐক্য প্রক্টর অফিস ঘেরাও করেছে। অন্যদিকে ছাত্রশিবিরের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। মুজিবুর রহমান মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে আব্দুল হান্নান, হামিদুল্লাহ কুতুবী ও আলাউদ্দিন শিকদার বক্তব্য রাখেন। শিবির নেতৃবৃন্দ বলেন, প্রতিশ্রুতি দিয়েও প্রশাসন জোবায়েরের খুনী-সন্ত্রাসীদের গ্রেফতার করেনি। ১৫ জুনের মধ্যে খুনীদের গ্রেফতার করা না হলে তীব্র আন্দোলন গড়ে তোলা হবে। আগামীকাল শনিবার শিবির বিশাল ছাত্রসমাবেশের কর্মসূচী ঘোষণা করেছে। কেন্দ্রীয় সভাপতি মতিউর রহমান আকন্দ ও শহীদ জোবায়েরের পিতা মাষ্টার রহমত উল্লাহ এতে উপস্থিত থাকবেন।

এদিকে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্রঐক্য গতকাল প্রক্টর অফিস ঘেরাও করেছে। এ সময় অনুষ্ঠিত সমাবেশে শাহজাহান চৌধুরী, মোহাম্মদ কলিম আহসান কবীর বেঙ্গল ও রাহাত উল্লাহ জাহিদ, নূরুছাফা জুলহাস প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশ শেষে নেতৃবৃন্দ প্রক্টরের কাছে একটি স্মারকলিপি প্রদান করে।